# জনতা ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয় ঃ জনতা ভবন
১১০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ
ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৬৪৬৪৪, www.janatabank-bd.com
পিএবিএক্স ঃ ৯৫৬০০৩৯, ৯৫৫৬২৪৫-৪৯, ৯৫৬০০২৭-৩০, ৯৫৬০০৪২-৪৪, ৯৫৬৫০৪১-৪৩, ৯৫৬৬০২৮-২৯
বর্ধিত ঃ ৪৩২, ৪৭০, ৪৭১

জেনারেল ব্যাংকিং ডিপার্টমেন্ট
ফ্লোর ঃ ১৯
ফোন : ২২৩৩৮৭১৬৮, ৫৫১১০০০৩
E-mail : gbd@janatabank-bd.com


সূত্র ঃ জেবিএল/জিবিডি/নিয়ন্ত্রক/পাউবো/পি-১/১৯২/পেনশন/মুন্নী/২০২২/২৮১ তারিখ ঃ ০৮/০২/২০২২খ্রিঃ

নিয়ন্ত্রক ( অর্থ, হিসাব ও নিরীক্ষা )
পানি ভবন (লেভেল-১০), গ্রীণ রোড
বাপাউবো, ঢাকা।

**বিষয় ঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণের EFT/Online Fund Transfer এর মাধ্যমে পেনশন পরিশোধ প্রসঙ্গে।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে এমডি এন্ড সিইও মহোদয় বরাবর লিখিত আপনাদের স্মারক নং ঃ নিয়ন্ত্রক/পাউবো/পি-১/১৯২ তারিখঃ৩০/০১/২০২২খ্রিঃ অনুসরণ করা হলো।

পত্র পর্যালোচনায় দেখা যায় যে, গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থবিভাগ কর্তৃক জারীকৃত পেনশন সহজীকরণ আদেশ/২০২০ খ্রিঃ মোতাবেক সরকারী কর্মকর্তা/কর্মচারীগণের অবসরভাতা EFT/Online Fund Transfer এর মাধ্যমে পরিশোধ করা হচ্ছে। আপনাদের প্রতিষ্ঠান গত নভেম্বর/২০২০ মাস থেকে EFT এর মাধ্যমে পেনশন পরিশোধ কার্যক্রম শুরু করেছে। বিভিন্ন প্রতিষ্ঠানের পেনশন সংক্রান্ত যাবতীয় কার্যাদি আমাদের লোকাল অফিস EFT/Online Fund Transfer এর মাধ্যমে আমাদের বিভিন্ন শাখায় ফান্ড ট্রান্সফার করে থাকে। আপনাদের অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণের অবসরভাতা নির্দিষ্ট শাখায় স্ব স্ব হিসাব নম্বরে EFT/Online Fund Transfer এর মাধ্যমে পরিশোধ করা হয়ে থাকে। আপনাদের অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণের মধ্যে যদি কেউ মৃত্যুবরণ করে কিংবা ভুলবশতঃ তার ব্যাংক হিসাবে অর্থ চলে গেলে তা তাৎক্ষনিকভাবে ব্যাংক বুঝতে পারবে না। অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণের মধ্যে যদি কেউ মৃত্যুবরণ করে সাধারণতঃ সেই তথ্য/রেকর্ড আপনাদের প্রতিষ্ঠানের কাছে সংরক্ষিত থাকে। আপনাদের মাধ্যমে কোন অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণের মৃত্যুবরণের তথ্য কিংবা ভুলবশতঃ তার ব্যাংক হিসাবে অর্থ চলে গেলে আমাদেরকে অবহিত করার পরই আমরা আপনাদেরকে সহযোগিতা করতে পারবো এবং উক্ত ব্যক্তির হিসাবে অর্থ জমা থাকা সাপেক্ষে টাকা ফেরত প্রদান করার ব্যাপারে উদ্যোগ নিতে পারব।

বিষয়টি আপনাদের অবগতির জন্য জানানো হলো।

আপনার বিশ্বস্ত,

০৮/০২/২০২২

**(শ্যামল কৃষ্ণ সাহা)**
মহাব্যবস্থাপক
ফোন - ০২২২৩৩৫৮৩৮৮

# জনতা ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয় ঃ জনতা ভবন
১১০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ
ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৬৪৬৪৪, www.janatabank-bd.com
পিএবিএক্স ঃ ৯৫৬০০৩৯, ৯৫৫৬২৪৫-৪৯, ৯৫৬০০২৭-৩০, ৯৫৬০০৪২-৪৪, ৯৫৬৫০৪১-৪৩, ৯৫৬৬০২৮-২৯
বর্ধিত ঃ ৪৩২, ৪৭০, ৪৭১

জেনারেল ব্যাংকিং ডিপার্টমেন্ট
ফ্লোর ঃ ১৯
ফোন : ২২৩৩৮৭১৬৮, ৫৫১১০০০৩
E-mail : gbd@janatabank-bd.com


সূত্র ঃ জিবিডি/নিয়ন্ত্রক/পাউবো/পি-১/১৯২/পেনশন/মুন্নী/২০২২/৩৮৫ তারিখ ঃ ১৬/০২/২০২২খ্রিঃ

মহাব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
বিভাগীয় কার্যালয় ঃ ঢাকা-উত্তর/ঢাকা-দক্ষিণ/
চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/
কুমিল্লা/ময়মনসিংহ/ফরিদপুর/নোয়াখালী/
জনতা ভবন কর্পোরেট শাখা/লোকাল অফিস
ঢাকা, বাংলাদেশ ।

**বিষয় ঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণের EFT/Online Fund Transfer এর মাধ্যমে পেনশন পরিশোধ প্রসঙ্গে।**

মহোদয়,

শিরোনামীয় বিষয়ে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক ব্যাংকের এমডি এন্ড সিইও বরাবর লিখিত স্মারক নং ঃ নিয়ন্ত্রক/পাউবো/পি-১/১৯২ তারিখ ঃ ৩০/০১/২০২২খ্রিঃ অত্র ডিপার্টমেন্ট কর্তৃক গৃহীত হয়েছে (পত্র সংযুক্ত)।

পত্র পর্যালোচনায় দেখা যায় যে, গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থবিভাগ কর্তৃক জারীকৃত পেনশন সহজীকরণ আদেশ/২০২০ খ্রিঃ মোতাবেক সরকারী কর্মকর্তা/কর্মচারীগণের অবসরভাতা EFT/Online Fund Transfer এর মাধ্যমে পরিশোধ করা হচ্ছে। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের গত নভেম্বর/২০২০ মাস থেকে EFT এর মাধ্যমে পেনশন পরিশোধ কার্যক্রম শুরু করে। বিগত ০৬/০৯/২০২১ তারিখে EFT এর মাধ্যমে পেনশন পরিশোধ সংক্রান্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী বোর্ডের অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণের মধ্যে কেউ মৃত্যুবরণ করলে/ভুলবশতঃ তার ব্যাংক হিসাবে অর্থ চলে গেলে উক্ত অর্থ কিভাবে সরকারী/বোর্ডের কোষাগারে ফেরত আনা যায় এ ব্যাপারে আমাদের ব্যাংকের সদয় সহযোগিতা ও পরামর্শ প্রার্থনা করেছেন।

এমতাবস্থায়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শাখাসমূহকে নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত,

**স্বাঃ-**
**(শ্যামল কৃষ্ণ সাহা)**
মহাব্যবস্থাপক
ফোন- ০২২২৩৩৫৮৩৮৮

অনুলিপি ঃ
০১। নিয়ন্ত্রক ( অর্থ, হিসাব ও নিরীক্ষা )
পানি ভবন (লেভেল-১০), গ্রীণ রোড, বাপাউবো, ঢাকা।
০২। অফিস কপি।

১৬/০২/২০২২
মহাব্যবস্থাপক

**নিয়ন্ত্রক (অর্থ, হিসাব ও নিরীক্ষা) এর দপ্তর**
পানি ভবন, (লেভেল-১০) গ্রীণরোড,
বাপাউবো, ঢাকা।
ফোন : ০২+৮৮০২২২২৩০০৩২ (অঃ)
bwdbcontroller@yahoo.com

স্মারক নং-পাউবো/নিয়ন্ত্রক/অহিনি/ই-১/২৩৬ (৮), তারিখ-০৬.০৩.২০২২ খ্রিঃ

১। অতিরিক্ত মহাপরিচালক(অর্থ), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
২। পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। পরিচালক, অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। উপপরিচালক, পেনশন শাখা, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৭। উপপরিচালক(অহিনি), আঞ্চলিক হিসাব কেন্দ্র,, বাপাউবো, (সকল)-------------------।
৮। সহকারী পরিচালক(অহিনি), আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, (সকল)--------------------।

বিষয়ঃ-বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণের EFT/Online Fund Transfer এর মাধ্যমে পেনশন পরিশোধ প্রসঙ্গে।

সূত্রঃ-(ক)জনতা ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা স্মারক নং-জেবিএল/জিবিডি/নিয়ন্ত্রক/পাউবো/পি-১/১৯২/পেনশন/মুন্নী/২০২২/২৮১ তারিখ-০৮.০২.২০২২খ্রিঃ।
(খ) জনতা ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা স্মারক নং-জিবিডি/নিয়ন্ত্রক/পাউবো/পি-১/১৯২/পেনশন/মুন্নী/২০২২/৩৬০ তারিখ-১৬.০২.২০২২খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত স্মারকের প্রেক্ষিতে জনতা ব্যাংক লিঃ , প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা হতে প্রাপ্ত পত্রদুটি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।

উল্লেখ্য যে, বাপাউবো'র অবসরপ্রাপ্ত কোন কর্মকর্তা/কর্মচারীগণের মধ্যে যদি কেউ মৃত্যুবরন করেন কিংবা ভূলবশতঃ তার ব্যাংক হিসাবে অর্থ চলে যায় তাহলে উহা তাৎক্ষনিকভাবে সংশ্লিষ্ঠ জনতা ব্যাংক শাখাকে অবহিত করলে উক্ত পেনশনারের ব্যাংক হিসাবে অর্থ জমা থাকা সাপেক্ষে ফেরত আনার জন্য ব্যবস্থা গ্রহণ করবেন।

৬/৩/২২

**(মোঃ হেমায়েতুল ইসলাম**-এফসিএমএ)
নিয়ন্ত্রক,(অর্থ,হিসাব ও নিরীক্ষা)
নিয়ন্ত্রক (অহিনি) এর দপ্তর
বাপাউবো, ঢাকা।

৬.৩.২২

C.L for AO RAC